**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 29.08.2024                    Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ ছাত্র পরিষদের সভায় গতকাল RG KAR-এর ঘটনার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর মন্তব্য নিয়ে দেশ জুড়ে সমালোচনার ঝড় উঠেছে। # বিজেপি এব্যাপারে রাজ্যপালের হস্তক্ষেপ দাবী করে চিঠি দিয়েছে। # মুখ্যমন্ত্রী অবশ্য বলেছেন, তার বক্তব্যের ভুল ব্যাখ্যা ও অপপ্রচার করা হচ্ছে।

২/ রাজ্য সরকার, ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানের দিন বিক্ষোভকারীদের ছোঁড়া ইটে আহত কলকাতা পুলিশের ট্রাফিক সার্জেন্ট দেবাশিস চক্রবর্তীর চিকিৎসার যাবতীয় খরচ বহন করবে। # তাঁকে ইট ছোঁড়ার অভিযোগে আজ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

৩/ রাজ্য পরিবহন দপ্তর, মোটর ট্রেনিংগুলির মালিকানা ও ঠিকানা বদলের বিষয়ে সবুজ সঙ্কেত দিয়েছে।

৪/ পূর্ব ঘোষণা মতোই রাজ্যের সিভিক ভলেন্টিয়ার ও ভিলেজ পুলিশদের অবসরকালীন সুবিধে বাড়ানো হল।

৫/ কাজী নজরুল ইসলামের ৪৯-তম প্রয়াণ দিবসে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।

************************************************************

ছাত্র পরিষদের সভায় গতকাল RG KAR-এর ঘটনার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর মন্তব্য নিয়ে দেশ জুড়ে সমালোচনার ঝড় উঠেছে।

বিজেপি, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির গতকালের বক্তব্যের প্রেক্ষিতে রাজ্যপালের হস্তক্ষেপ দাবী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করে এই মর্মে তাঁকে চিঠি দেয়। পরে রাজভবন থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্তবাবু বলেন, মুখ্যমন্ত্রীর ওই প্ররোচনামূলক বক্তব্যের বিষয়ে তাঁরা বিস্তারিতভাবে রাজ্যপালকে জানিয়েছেন। মুখ্যমন্ত্রী যেভাবে হিংসায় প্ররোচনা দিচ্ছেন, তাতে বিজেপিও চুপ করে বসে থাকবে না।

(বাইট- সুকান্ত )

সুকান্তবাবু আরো বলেন, পশ্চিমবঙ্গের পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী চিন্তিত, উদ্বিগ্ন রাষ্ট্রপতিও বাধ্য হয়েছেন প্রতিক্রিয়া জানাতে। একজন মুখ্যমন্ত্রী গতকাল অসম সহ উত্তর পূর্বের রাজ্যগুলিকে অশান্ত করার যে বার্তা দিয়েছেন, এর জন্য তাঁর বিরুদ্ধে দেশদ্রোহীতার মামলা হওয়া উচিত।

বিজেপির প্রতিনিধি দলে অন্যদের মধ্যে ছিলেন প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ, রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় প্রমুখ।

বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল, মুখ্যমন্ত্রী দেশদ্রোহীদের মতো কথা বলছেন অভিযোগ করে, তাঁকে গ্রেপ্তার ও ‘বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইন’- UAPA-তে মামলা করার দাবী জানিয়েছেন। আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা আজ রাণিগঞ্জে দলের অবস্থান বিক্ষোভ কর্মসূচীতে অংশ নিয়ে বলেন, মুখ্যমন্ত্রী সংবিধান হাতে শপথ নিয়ে একথা বলতে পারেন না। RG KAR-এর ঘটনা, রাজ্য জুড়ে নারী নির্যাতন এবং গতকাল বিজেপির ডাকা বন্‌ধে আন্দোলনকারীদের ওপর হামলার প্রতিবাদে এই অবস্থান কর্মসূচীর অঙ্গ হিসেবে ডলফিন ময়দান থেকে থানা পর্যন্ত এক মিছিলেও সামিল হন অগ্নিমিত্রা সহ দলের নেতা-কর্মী সমর্থকরা। থানার সামনে পুলিশের ত্রিস্তরীয় ব্যারিকেড ভেঙ্গে তাঁরা বিক্ষোভ দেখাতে থাকেন। ৪৮ ঘন্টার মধ্যে অভিযুক্তদের গ্রেপ্তার করা না হলে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে হুঁশিয়ারি

দেন বিজেপি নেত্রী। RG KAR-এর ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে ধর্মতলায় বিজেপির ধর্না কর্মসূচী শুরু হয়েছে।

**********************

মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং, তৃণমূল ছাত্র পরিষদের সভামঞ্চে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বক্তব্যের সমালোচনা করে, তাঁকে 'দায়িত্বজ্ঞানহীন' বলে মন্তব্য করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় শ্রী সিং মমতার বক্তৃতার ভিডিও ট্যাগ করে বলেছেন, প্রকাশ্য মঞ্চে একজন রাজনৈতিক নেতার এইধরণের হুমকি দেওয়া অত্যন্ত অপ্রীতিকর। এইজন্য তাঁকে উত্তর পূর্বাঞ্চলের মানূষের কাছে ক্ষমা চাইতে হবে। সেইসঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে অবিলম্বে বিভাজনমূলক রাজনীতি এবং হিংসা ও ঘৃণায় উস্কানি দেওয়া বন্ধ করার'ও দাবী জানান তিনি।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ'ও, ওই মন্তব্যের জন্য মমতা ব্যানার্জির ক্ষমা চাওয়া উচিত বলে দাবী জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় আদিত্যনাথ বলেন, মুখ্যন্ত্রীর এই মন্তব্য তৃণমূল কংগ্রেস সরকারের নারী বিরোধী আচরণ ও মহিলাদের সুরক্ষার প্রতি চরম উদাসীনতার'ই প্রতিফলন। গণতন্ত্র, মানবতা ও সভ্য সমাজের জন্যও তিনি একে অবমাননাকর বলে উল্লেখ করেন।

অন্যদিকে, মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের জন্য আইনজীবী বিনীত জিন্দাল, তাঁর বিরুদ্ধে দিল্লি পুলিশ কমিশনারের কাছে অভিযোগ দায়ের করেছেন। সাংবিধানিক পদে থেকে মমতা ব্যানার্জি অন্য রাজ্য জ্বালিয়ে দেওয়ার হুমকি দিয়েছেন বলে তাঁর অভিযোগ।

**********************

সংবাদমাধ্যমের একাংশে তৃণমূল ছাত্র পরিষদের সভায় তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা এবং অপপ্রচার করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে আজ তিনি বলেছেন, ডাক্তারি পড়ুয়াদের আন্দোলন নিয়ে একটি শব্দও তিনি উচ্চারণ করেননি। তাদের আন্দোলনের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে। এই আন্দোলন ন্যায্য। কখনোই তাদের হুঁশিয়ারী দেননি তিনি। এনিয়ে তাঁর বিরুদ্ধে যে অভিযোগ করা হচ্ছে, তা সম্পূর্ণ মিথ্যা। মুখ্যমন্ত্রীর দাবি, বিজেপি-র বিরুদ্ধে তিনি বলেছেন, কারণ নৈরাজ্য তৈরি করে রাজ্যের গণতন্ত্রকে বিপন্ন করছে তারা। গতকালের সভায় তাঁর ফোঁস করা

মন্তব্যের ব্যাখা দিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের বাণীকেই উদ্ধৃত করেছেন তিনি। অপরাধ হলে প্রতিবাদ করতেই হবে।

আন্দোলনরত চিকিৎসকদের মুখ্যমন্ত্রী গতকাল কাজে ফেরার আবেদন জানালেও, জুনিয়ার ডাক্তাররা অবশ্য মুখ্যমন্ত্রীর এই আবেদনে সাড়া না দিয়ে দিয়ে তাঁদের কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন।

************************

RG KAR-এর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং সঠিক তদন্ত ও দ্রুত বিচারের দাবীতে কংগ্রেস'ও আজ কলকাতায় পথে নামে।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর নেতৃত্বে ওই প্রতিবাদ মিছিলে 'উই ওয়ান্ট জাস্টিস' স্লোগান ধ্বনিত হয়। কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিলে অংশগ্রহণকারীরা কালো জামা পড়ে কালো পতাকা নিয়ে সামিল হন। পদযাত্রা শেষে শ্যামবাজারে এক সমাবেশে অধীর চৌধুরী বলেন, RG KAR-এর ঘটনার প্রতিবাদে রাজ্যের মানুষ যেভাবে আন্দোলনে নেমেছেন, তা দেখে মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন।

(বাইট- অধীর )

************************

অন্যদিকে, তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে নাগরিক সমাজের পক্ষ থেকে, কলকাতার শিয়ালদা থেকে কলেজ স্ট্রিট পর্যন্ত এক মিছিলে সামিল হন বহু মানুষ।

কাজী নজরুল ইসলামের প্রয়াণ দিবসে কবির লেখনী 'জাগো নারী জাগো বহ্নিশিখা'-কে স্মরণ করে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মহিলারা আরজি করের চিকিৎসক পড়ুয়ার মৃত্যুর বিচার চাইতে আজ 'অঙ্গীকার যাত্রা'র আয়োজন করেন। কলেজ স্কোয়ার থেকে শুরু করে এই মিছিল শ্যামবাজারে শেষ হয়। বিশিষ্ট চিকিৎসক রাধা গোবিন্দ করের পরিবারের সদস্যরাও সেখানে উপস্থিত ছিলেন।

************************

আর জি করের অপরাধীদের শাস্তির দাবীতে তৃণমূল কংগ্রেস, জেলায় জেলায় প্রতিবাদ কর্মসূচী পালন করবে।

আগামীকাল রাজ্যের সমস্ত কলেজের গেটে ছাত্র-ছাত্রীরা অবস্থান কর্মসূচী পালন করবেন বলে দলের তরফে জানানো হয়েছে।

শনিবার ধর্ষকদের শাস্তির দাবীতে দলের তরফে ব্লকে ব্লকে ধর্না ও মিছিল করা হবে। রবিবার তৃণমূল কংগ্রেসের মহিলা শাখার উদ্যোগে নারী নির্যাতনের বিরুদ্ধে কড়া কেন্দ্রীয় আইন ও কর্মক্ষেত্রে মেয়েদের সুরক্ষার দাবীতে বিভিন্ন ব্লকে দিনভর ধর্না কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

***********************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আজ'ও সল্টলেকের সিজিও কমপ্লেক্সে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই নিয়ে ১৪ দিন ধরে জেরার মুখোমুখি হলেন সন্দীপ। কলকাতা হাইকোর্টের নির্দেশে PGT চিকিৎসককে ধর্ষণ, খুন এবং হাসপাতালের আর্থিক দুর্নীতির তদন্ত করছে সিবিআই। ইতমধ্যেই সন্দীপ ঘোষের পলিগ্রাফও টেস্টও হয়েছে।

আর্থিক দুর্নীতির তদন্তে CBI-এর একটি দল আজ RG KAR হাসপাতালের পুলিশ মর্গে যায়, কথা বলে সেখানকার কর্মীদের সঙ্গে। হাসপাতালের MSVP ডাক্তার সপ্তর্ষি চট্টোপাধ্যায়ের সঙ্গেও CBI আধিকারিকরা কথা বলেন। অন্যদিকে, RG KAR-এর প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলিকে আজ নিজাম প্যালেসে ডেকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই আখতার আলি'ই, RG KAR-এর দুর্নীতি নিয়ে অভিযোগ করেন, আদালতের'ও দ্বারস্থ হন।

উল্লেখ্য, আর্থিক দুর্নীতির পাশাপাশি সন্দীপ ঘোষের বিরুদ্ধে দেহ লোপাটের অভিযোগ'ও রয়েছে।

***********************

রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানের দিনে বিক্ষোভকারীদের ছোঁড়া ইটে চোখে গুরুতর আঘাত পাওয়া কলকাতা পুলিশের ট্রাফিক সার্জেন্ট দেবাশিষ চক্রবর্তীর চিকিৎসার যাবতীয় খরচ বহন করবে। প্রয়োজনে তাঁকে বিদেশেও পাঠানো হবে। রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা আজ বিধাননগরে শঙ্কর নেত্রালয়ে ভর্তি ওই ট্রাফিক সার্জেন্টকে দেখতে যান। সেখানেই তিনি

ওই সার্জেন্টের পরিবারকে এই মর্মে আশ্বাস দেন। তবে হাসপাতাল সূত্রে জানা গেছে, তাঁর চোখের অবস্থার ধীরে ধীরে উন্নতি হচ্ছে। একটু একটু করে তাঁর দৃষ্টিশক্তিও ফিরে আসছে।

এদিইকে, দেবাশিস চক্রবর্তীকে লক্ষ্য করে ইট ছোড়ার অভিযোগে পুলিশ আজ দুজনকে গ্রেপ্তার করেছে। মহেশতলা থেকে রিঙ্কু সিং নামে এক মহিলা ও সুব্রিত দাস নামে আরো একজনকে ধরা হয়। CCTV ফুটেজ খতিয়ে দেখে এদের হদিস মেলে।

************************

রাজ্য পরিবহণ দফতর মোটর ট্রেনিং-গুলির মালিকানা ও ঠিকানা বদলের বিষয়ে সবুজ সঙ্কেত দিয়েছে। এব্যপারে একটি সুনির্দিষ্ট নির্দেশিকাও তৈরি করা হয়েছে। এতে বলা হয়েছে, মোটর ট্রেনিং স্কুলগুলি চাইলে উপযুক্ত তথ্যপ্রমাণ দিয়ে মালিকানা ও ঠিকানা বদল করতে পারবে। এ ক্ষেত্রে পরিবহণ দফতরের কাছে মোট ১২টি নথি জমা করতে হবে। সেই সব নথিপত্র যাচাইয়ের পর ঠিকানা ও মালিকানা বদলে অনুমতি দেবে পরিবহণ দফতর।

************************

পূর্ব ঘোষণা মতই রাজ্যের সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশদের টার্মিনাল বেনিফিট বা অবসরকালীন সুবিধা ৪০ শতাংশ বাড়ানো হল। অবসরের সময় তারা ৩ লক্ষ টাকা পান। তা বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হচ্ছে। এই মর্মে আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এতে বলা হয়েছে, কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের অধীনের সমস্ত সিভিক ভলান্টিয়ার অবসরের সময়ে এই সুবিধা পাবেন। তা ছাড়া ভিলেজ পুলিশদেরও এই সুবিধা দেবে রাজ্য সরকার।

************************

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আজ ৪৯-তম প্রয়াণ দিবস। এই উপলক্ষ্যে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁকে স্মরণ করা হচ্ছে।

নবান্নে কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

কবির প্রতি শ্রদ্ধা জানাতে 'পশ্চিমবঙ্গ কাজী নজরুল অ্যাকাডেমী' ও রাজ্যের তথ্য-সংস্কৃতি দপ্তরের উদ্যোগে, কলকাতার শিশির মঞ্চে আজ বিকেলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

***********************

হকির জাদুগর ধ্যানচাঁদের আজ ১১৯ তম জন্মবার্ষিকী। প্রতিবছরের মত এবারেও আজকের দিনটি জাতীয় ক্রীড়াদিবস হিসেবে পালিত হচ্ছে।
এই উপলক্ষ্যে হকি বেঙ্গলের পক্ষ থেকে কলকাতায় এক অনুষ্ঠানে আয়োজন করা হয়, সেখানে প্রাক্তন ও বর্তমান ক্রীড়াবিদরা ধ্যানচাঁদের প্রতিকৃতিতে মাল্য মাল্যার্পন করে শ্রদ্ধা জানন।

*******************************************************************